

কান্দাহার, আফগানিস্তানে ১০ জানুয়ারি, ২০১৭ জঙ্গি হামলায় নিহত
বহু সংযুক্ত আরব আমীরশাহী'র নাগরিক এবং সংযুক্ত আরব
আমীরশাহী'র রাষ্ট্রদূতের আহত হওয়ায় ঘটনায় ভারতের বিবৃতি

কান্দাহারে ১০ জানুয়ারি একটি গেস্টহাউসে আফগান উর্ধ্বতন কর্মকর্তা এবং ইউএই কূটনীতিকদের মধ্যে বৈঠকের সময় বোমা বিস্ফোরণে বহু ইউএই-সহ অন্যান্য নাগরিকের মৃত্যু এবং আফগানিস্তানে নিযুক্ত ইউএই রাষ্ট্রদূতের মারাত্মকভাবে আহত হওয়ার খবরে আমরা অত্যন্ত মর্মান্তিক।

কান্দাহারে অনাথদের জন্য খলিফা বিন জায়েদ আল নাহিয়ান সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপনের মতো ইউএই রাষ্ট্রদূতের মানবিক উদ্যোগ নেওয়ার সময় এই কাপুরুষোচিত সন্ত্রাসবাদী হামলা আরও নিন্দনীয়।

আমরা শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করছি এবং হামলায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি।

এই ধরনের কাপুরুষোচিত হামলা, যা আন্তর্জাতিক সন্ত্রাসবাদের কদর্য রূপ, এটি এই অঞ্চলের শান্তিপ্রিয় মানুষদের কাছে অমানুষিক বেদনার, দুঃখজনকভাবে যার উৎপত্তিস্থল আমাদের এলাকা, এবং যা সংকীর্ণ রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতে অনুধাবন করে।

এই ভীতি, যা বিশ্বজুড়ে সব সমাজের কাছেই ছমকি, তার বিরুদ্ধে আমাদের সাধারণ লড়াইয়ে আমরা ইউএই এবং আফগানিস্তানের আমজনতা এবং সরকারের পাশে আছি।

ভারত দৃঢ়ভাবে ইউএই এবং আফগানিস্তানের সঙ্গে ঘনিষ্ঠ ও সক্রিয়ভাবে অভিশপ্ত সন্ত্রাসবাদের সকল ধরণ ও প্রকাশ সমূলে নির্মূল করতে অঙ্গীকারবদ্ধ।

নয়াদিল্লি

জানুয়ারি ১২, ২০১৭